বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

-২৭৬-

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০৩১.২৫- ২৭৪

তারিখঃ ৯ কার্তিক ১৪৩২
২৫ অক্টোবর ২০২৫

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ রেজাউল করিম (১০৯০৫১৮২), অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর (প্রাক্তন জেলা নির্বাচন অফিসার, চাঁপাইনবাবগঞ্জ) এর বিরুদ্ধে নিয়ম বহির্ভূতভাবে জাতীয় পরিচয়পত্র নং ৭৩৪৭০৯৩৮১২ এ মাতার নাম সংশোধন এবং উক্ত সংশোধন বাবদ অবৈধ অর্থ গ্রহণের অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, উত্থাপিত অভিযোগে কারণ দর্শানো হলে তার দাখিলকৃত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় শৃঙ্খলা পরিপন্থী কার্যের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৯/২০২৫ রুজু করতঃ অভিযোগনামায় কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযোগনামার জবাব দাখিল পূর্বক তিনি ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করায় ১৭.০৮.২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযোগনামার জবাব ও ব্যক্তিগত শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করায় ন্যায় বিচারের স্বার্থে মামলাটির তদন্ত হয়;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অবৈধ অর্থ গ্রহণের অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি; তবে তিনি নিয়মতান্ত্রিকভাবে সংশোধন কার্য সম্পন্ন করেননি মর্মে বিভাগীয় তদন্তে প্রমাণিত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা যাচাই-বাছাই ছাড়াই অযৌক্তিকভাবে জাতীয় পরিচয়পত্রে মাতার নাম সংশোধন করায় তিনি দন্ড পাওয়ার যোগ্য; তদনুযায়ী সার্বিক বিবেচনায় তাকে 'তিরস্কার' লঘুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ রেজাউল করিম, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর (প্রাক্তন জেলা নির্বাচন অফিসার, চাঁপাইনবাবগঞ্জ)-কে 'তিরস্কার' লঘুদন্ড প্রদান করতঃ বিভাগীয় মামলা নং-০৯/২০২৫ নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/১০/২৫

আখতার আহমেদ
সিনিয়র সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০৩১.২৫- ২৭৪

তারিখঃ ৯ কার্তিক ১৪৩২
২৫ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। যুগ্মসচিব..........................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর
০৭। উপসচিব ................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা

জারীকৃত
২৭/১০/২৫



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

Ilers..

-১২৫-৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

১০। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১১-১৪। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬। সিনিয়র জেলা/ জেলা নির্বাচন অফিসার,.............................(সংশ্লিষ্ট)
১৭। জনাব মোঃ রেজাউল করিম, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর
১৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর/ রাজশাহী
১৯। উর্দ্ধতন হিসাররক্ষণ কর্মকর্তা (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে রেকর্ড সংরক্ষণের অনুরোধসহ)

25.10.25
মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

6 PM